



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক
ফরিদপুর শাখা, ফরিদপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে, বেসিক ব্যাংক লিমিটেড, ফরিদপুর শাখা, ফরিদপুর এর ঋণ গ্রহীতা মেসার্স ঢাকা স্টিল, সত্বাধিকারী- মোঃ এমরাত হোসেন, বেসিক ব্যাংক লিমিটেড, ফরিদপুর শাখা, হইতে বিভিন্ন ঋণ সুবিধা ভোগ করিয়াছেন, যাহা পরবর্তীতে মন্দস্থগে রূপান্তরিত হয়। মেসার্স ঢাকা স্টিল, ঋণের বিপরীতে ১. প্রোপাইটর মোঃ এমরাত হোসেন, ২. মোঃ এমরাত হোসেন (ঋণ গ্রহীতা নিজ), প্রতিষ্ঠানের ঠিকানাঃ ৩০/২, মুজিব সড়ক, হাজরাতলা, গোয়ালচামট (পরিচর্যা হাসপাতালের বিপরীতে), ফরিদপুর সদর, ফরিদপুর, ঋণ গ্রহীতা, ব্যক্তিগত জিম্মাদার ও ৩য় পক্ষ জিম্মাদার হিসাবে ব্যাংক বরাবরে ব্যক্তিগত ভাবে ও যৌথভাবে দায়বদ্ধ রহিয়াছেন। অধিকন্তু উক্ত ঋণের বিপরীতে তাদের জমি এবং ভবন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংক বরাবরে রেজিস্ট্রী বন্ধকী দলিল মূলে বন্ধক প্রদান করিয়া ব্যাংক কে আম-মোজারও নিয়োগ করিয়াছেন। বারবার তলব তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহীতা-জিম্মাদার- বন্ধক দাতার নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই বিধায় উক্ত ঋণ হিসাব সমূহ খেলাপী ঋণে পরিনত হইয়াছেন। বিগত ১৬.০৭.২০২৫ তারিখ পর্যন্ত (ঋণের পরবর্তী সুদ ব্যতীত) ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচাসহ মোট ১,৯৭,৭৮,০৪৫.৭১ (এক কোটি সাতানব্বই লক্ষ আটশত হাজার পয়তাল্লিশ টাকা একাত্তর পয়সা মাত্র) টাকা পাওনা রহিয়াছে। বন্ধকদাতা এবং আম-মোজার দাতাগণের প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থঋণ আদালত আইন- ২০০৩ এর ১২(৩) ধারার বিধানমতে উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তি নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগামী- ১৮.০৮.২০২৫ তারিখ বেলা ৩.০০ ঘটিকা নিলামের দিন ধার্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লিখিত তারিখ ও সময়ে বেসিক ব্যাংক লিমিটেড, ফরিদপুর শাখা, ফরিদপুরে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহ্বান করা হইতেছে।

= শর্তসমূহ =

- প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) টেন্ডারমূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- দরপত্র অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাস্তবে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমাদিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।
- প্রত্যেক দরদাতা উদ্বৃত্ত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০% উদ্বৃত্ত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে “বেসিক ব্যাংক লিমিটেড” এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তেও অধীনে প্রথম সর্বোচ্চ দর দাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লীবিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
- নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

বন্ধকী সম্পত্তির তফসিল:

ফরিদপুর জেলার অন্তর্গত, ফরিদপুর সদর, সাব-রেজিস্ট্রি অফিস ফরিদপুর, ১৬ নং ওয়ার্ড, গোয়ালচামট মৌজায় অবস্থিত, জে এল নং ১০৩, রেজিস্ট্রার বন্ধকীকৃত ও ২৫ শতাংশ জমিতে ০৩ তলা (২২০৮ বর্গফুট) বাণিজ্যিক ভবন, যার মালিক-১. মোঃ এমরাত হোসেন, প্রোপাইটর, ২. জনাব মোঃ ফারুক হোসেন (ঋণ গ্রহীতার ভাই), এবং তিন বোন যথাক্রমে ৩. ইসমাতারা পুতুল, ৪. আনোয়ারা বেগম ভুলী, ৫. রুকাইয়া আক্তার পলি।

খতিয়ান				দাগ নং		জমির শ্রেণী	জমির পরিমাণ
আর এস	এস এ	ডিপি খতিয়ান	মিউটেশন খতিয়ান	আর এস/এসএ	বিএস	বাণিজ্যিক	
১৬২৩/১	১৫৫০	৩০২১	১৫৫০/৩(১)	৪১৯৪	৩৯৯,৩৪১		৩.২৫ শতক
						মোট=	৩.২৫ শতক

সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান

ফরিদপুর শাখা, হোল্ডিং নং- ২৯/ডি, ওয়ার্ড নং- ০২, ফরিদপুর সদর, ফরিদপুর। মোবাইল: ০১৭১৩২৫৭৪৩৫, টেলিফোন: ০২৪৭৮০৪২২৮।

দৈনিক প্রথম আলো এবং দৈনিক ফরিদপুর
প্রকাশের তারিখ: ২১/০৭/২০২৫ইং